



# কারখানা সংস্কারকাজের ধাপসমূহ

সংস্কারকাজ বলতে প্রাথমিক মূল্যায়নের পর কারখানা কর্তৃক প্রণীত সংশোধনমূলক কর্মপরিকল্পনা (ক্যাপস) বাস্তবায়নকে বোঝায়। বাস্তবায়নের পূর্বে সংশোধনমূলক কর্মপরিকল্পনা (ভবনের বিস্তারিত কারিগরি মূল্যায়ন সমেত অথবা ব্যাতিত) সংস্কারকাজ সমন্বয় কেন্দ্রের (আরসিসি) টাস্কফোর্স অনুমোদন করবে। কাঠামোগত সংযোজনের (রেট্রোফিটিং) প্রয়োজন হলে তা অগ্নি এবং বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত সংস্কারকাজের পূর্বে সম্পন্ন করতে হবে।

## কারখানা মালিকদের দায়িত্বসমূহ

এ পর্যায়ে মালিকদের দায়িত্বের মধ্যে রয়েছে:

- সংস্কারকাজকে অগ্রাধিকার দেওয়া
- সংশোধনমূলক কর্মপরিকল্পনা (ক্যাপ) এ শনাক্তকৃত সকল কাঠামোগত, অগ্নি এবং বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত পদক্ষেপ বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা। সংস্কারকাজ বাস্তবায়নের জন্য সতর্কতার সাথে পরিকল্পনা গ্রহণ, অস্থায়ী ভিত্তিতে কারখানা স্থানান্তর অথবা কারখানার উৎপাদন বন্ধ করে দিতে হতে পারে।
- সংস্কারকাজের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য একটি তালিকাভুক্ত বেসরকারি পরামর্শ প্রদানকারী ফার্ম এবং কারখানার নিজস্ব নির্মাণ (কাঠামোগত, অগ্নি এবং বৈদ্যুতিক) প্রকৌশলী নিযুক্ত করা।
- একজন কেস হ্যান্ডলারের মাধ্যমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ/আরসিসি)'র প্রকৌশলীদের সাথে যোগাযোগ রক্ষা করা।
- ক্যাপ বাস্তবায়নের অগ্রগতি রেকর্ড করা এবং প্রতি দুই মাসে অন্তত একবার এ বিষয়ে আরসিসিকে অবহিত করা।

## সংস্কারকাজ পর্যবেক্ষণ

আরসিসির প্রকৌশলীরা সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার প্রকৌশলীদের সহায়তায় সংস্কারকাজের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন এবং সংস্কারকাজ চলছে এমন কারখানা পরিদর্শন করবেন।

## সংস্কারকাজের চূড়ান্ত অনুমোদন

সংশোধনমূলক কর্মপরিকল্পনা (ক্যাপ) এবং ভবনের বিস্তারিত কারিগরি মূল্যায়নে (ডিইএ) নির্দিষ্টকৃত সংস্কারকাজ সম্পন্ন হয়েছে, এ মর্মে মালিক কর্তৃক নিয়োজিত প্রকৌশল ফার্ম সনদ প্রদানের পর আরসিসি চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।

বিস্তারিত তথ্যের জন্য: <http://rcc.dife.gov.bd>